

সড়ক দুর্ঘটনায় তিন স্থানে দুই দাখিল পরীক্ষার্থীসহ নিহত ৪

■ সমকাল ডেস্ক

টাঙ্গাইলের কালিহাতি, কিশোরগঞ্জের করিমগঞ্জ ও মুন্সীগঞ্জের গজারিয়ায় সড়ক দুর্ঘটনায় দুই দাখিল পরীক্ষার্থীসহ ৪ জন নিহত হয়েছেন। প্রতিনিখিদের পাঠানো খবর:

টাঙ্গাইল : কালিহাতি, উপজেলার জোকারচরে সোমবার ট্রাকচাপায় মাদ্রাসার দুই ছাত্রী নিহত হয়েছে। গোহালিয়াবাড়ী কেন্দ্রে দাখিল পরীক্ষা দিয়ে অটোরিকশা করে ফেরার পথে মালবাহী ট্রাক পাঁচ মাদ্রাসাছাত্রীকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই বেলটিয়া গ্রামের আবদুল্লাহর মেয়ে মর্জিনা আক্তার ও ইলিয়াসের মেয়ে এলিজা আক্তার মারা যায়। এ ঘটনায় আহত হয় আরও দুই পরীক্ষার্থী ও অটোরিকশার চালক। এরা সবাই গোহালিয়াবাড়ী মাদ্রাসার ছাত্রী।

করিমগঞ্জ (কিশোরগঞ্জ) : করিমগঞ্জের বেপারীপাড়া মোড়ে সোমবার পিকআপ ভ্যান-মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে সানি নামের এক যুবক নিহত হয়েছেন। এ ঘটনায় পলাশ নামের অপর এক কিশোর গুরুতর আহত হন। নিহত সানি করিমগঞ্জ পৌরসভার ঘোনাপাড়ার হক মিয়া'র ছেলে।

গজারিয়া (মুন্সীগঞ্জ) : গজারিয়ায় চরবাউশিয়া এলাকায় সোমবার কাভার্ডভ্যান চাপায় পথচারী আরোজা বেগম নিহত ও অন্যজন আহত হয়েছেন।